

Diamond Harbour Women's University
B.A 1st Year, 2nd Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: Beng/CC/1201
মৌখিক পরম্পরা ও মধ্যযুগের বাংলা সাহিত্য

Time: 2 hours

Full Marks: 40

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১. ছড়ার বিশেষত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৬
অথবা
২. লোককথার উদ্ভব বিষয়ে আলোকপাত করো। ৬
৩. কৃত্তিবাস সমস্যা বিষয়ে তোমার মতামত জানাও। ৬
অথবা
৪. 'শ্রীরামপাঁচালী বাল্মিকী রামায়ণের অনুবাদ নয়, অনুসৃজন'- পক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি দাও। ৬
৫. 'চৈতন্যভাগবত' অবলম্বনে সমকালীন নবদ্বীপের ধর্মীয় আবহ কেমন ছিল তা সংক্ষেপে বর্ণনা করো। ৬
অথবা
৬. 'চৈতন্যভাগবত'-এ নিত্যানন্দ প্রসঙ্গের গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ৬
৭. গৌড়ীয় বৈষ্ণব রসতত্ত্ব অনুযায়ী নিম্নোক্ত পদটি বিশ্লেষণ করে দেখাও- ৬
চূড়াটি বাঁধিয়া উচ্চ কে দিলে ময়ূরপুচ্ছ কালার কপালে চাঁদ চন্দনের ঝিকিমিকি
ভালে রমণীমনলোভা। কেবা দিল ফাগুয়া রঞ্জিয়া।
- আকাশে চাহিতে কিবা ইন্দের ধনুকখানি রজতের পত্রে কেবা কালিন্দী পূজিল গো
নব মেঘে করিয়াছে শোভা।। জবাকুসুম তাহে দিয়া।।
- মল্লিকামালতীমালে গাঁথনি গাঁথিয়া ভালে হিঙ্গুল গুলিয়া কালার অঙ্গে কে দিয়াছে গো
কেবা দিল চূড়াটি বেড়িয়া। কালিন্দী পূজিল করবীরে।
- মনে হেন অনুমানি বহিতেছে সুরধুনী জ্ঞানদাসেতে কয় মোর মনে হেন লয়
নীলগিরি-শিখর ঘেরিয়া।। শ্যামরূপ দেখি ধীরে ধীরে।।
- অথবা
৮. শাক্ত পদাবলিকে বেশ কিছুদূর পর্যন্ত আমরা ঐতিহাসিক বয়ান বলে স্বীকার করতে পারলেও, বৈষ্ণব পদাবলিকে সেভাবে দেখতে পারি না— এই পার্থক্যের কারণ সম্পর্কে তোমার কী মনে হয়? ৬
৯. 'অভয়ামঙ্গল'-এ গুজরাত নগর পত্তন অংশটিকে কি মুকুন্দের আত্মবিবরণীর সঙ্গে মিলিয়ে পড়া সম্ভব?— মতামত দাও। ৬
অথবা
১০. সঠতা ও চাতুর্যে ভাঁড়ু দত্ত সজীব- আলোচনা করো। ৬
অথবা
১১. প্রাচীন পূর্ববঙ্গ গীতিকার সংরূপগত লক্ষণগুলির কোন কোন বৈশিষ্ট্য 'মহুয়া পালা'-র নিরিখে উল্লেখ করো। ৬
অথবা
১২. 'দস্যু কেনারাম'-এর পালাকে তোমার কোনো আদর্শ প্রচারের কাহিনি বলে মনে হয়? নাকি এর কোন ঐতিহাসিক তাৎপর্য আছে? ৬
১৩. যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও- ২X২=৪
- ক. প্রবাদ
খ. পাঁচালি
গ. বারমাস্যা
ঘ. চরিত সাহিত্যের শ্রেণিবিভাগ

Diamond Harbour Women's University

UG 1st Year 2nd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/CC/1202

বাংলা সাহিত্যের ইতিহাস: উনিশ শতক

Time: 2 hours

Full Marks: 40

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। ক) বাংলা সাহিত্য ও পুস্তক কেন্দ্রিক মুদ্রণের ইতিহাসে শ্রীরামপুর মিশন প্রেসের গুরুত্ব ও ভূমিকা কী ছিল - আলোচনা করো। ৬

অথবা

খ) মৃত্যুঞ্জয় বিদ্যালয়কালের যেকোনো একটি বই অবলম্বনে তৎকালে বাংলা সাহিত্যিক গদ্যের স্বরূপ দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ৬

২. ক) উনিশ শতকে স্ত্রীশিক্ষা আন্দোলনের সূচনা ও তার প্রসার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৬

অথবা

খ) রামমোহন রায় রচিত বিতর্কমূলক রচনাগুলি প্রকাশকালসহ উল্লেখ করো। বিধবাবিবাহ সমর্থনকারী যেকোনো দুটি রচনার পরিচয় দাও। ২+৪=৬

৩. ক) 'বাবু' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাবু সম্পর্কিত ভাবনার পরিচয় দাও। ৬

অথবা

খ) বাংলা নকশার উদ্ভব এবং বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো। ৬

৪. ক) নাটকে ষড়ঙ্গ বলতে কী বোঝ? ভারতের নাট্যশাস্ত্র অনুযায়ী নাটক কত প্রকার ও কী কী? ভারত রঙ্গমঞ্চের যে শ্রেণিবিভাগ করেছেন সেগুলি উল্লেখ করো। ২+২+২=৬

অথবা

খ) বাংলা রঙ্গমঞ্চের উদ্ভব ও বিবর্তন বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৬

৫.ক) উনিশ শতকে আধুনিক বাংলা কবিতার ধারায় আখ্যানধর্মী কাব্য রচনার কারণ ও বৈশিষ্ট্য কী ছিল- সংক্ষেপে উল্লেখ করো। ৬

অথবা

খ) উনিশ শতকের গীতিকবিদের মধ্যে দেবেন্দ্রনাথ সেন'কে 'গার্হস্থ্য কবি' বলার কারণ দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ৬

৬. ক) বটতলার সাহিত্য-সংস্কৃতি বলতে তুমি কী বোঝ? সংক্ষেপে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ৬

অথবা

খ) বটতলার সাহিত্যে লোক শিক্ষার উপাদান নিহিত- মন্তব্যটি ব্যাখ্যা করো। ৬

৭. টিকা লেখো। (২টি) ২x২=৪

ক) কৃপার শাস্ত্রের অর্থভেদ

খ) সনেট

গ) বাবু কালচার

ঘ) সংবাদ প্রভাকর

Diamond Harbour Women's University
B.A 1st Year, 2nd Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: Beng/GE/1203
কবিতা ও নাটক

Time: 2 hours

Full Marks: 40

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

১০X৪=৪০

১. সনেটের উদ্ভব ও গঠন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। বিষয়টি মধুসূদন দত্তের একটি সনেটের উদাহরণ দিয়ে আলোচনা করো। ১০
২. নাট্যকার দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' প্রহসনে কুমুদিনী সৌদামিনী ও কাঞ্চন চরিত্রগুলি কীভাবে উনিশ শতকের সমাজ প্রেক্ষাপটে নারীর অবস্থান নির্দেশ করছে তা আলোচনা করো। ১০
৩. 'সোনার তরী' কবিতা প্রসঙ্গে কবি দ্বিজেন্দ্রলাল রায়ের আপত্তিগুলিকে তুমি কীভাবে পড়বে? ১০
৪. "প্রথম যখন আমাকে ঘরের মধ্যে বসিয়ে রেখে দিয়েছিল আমার মনে হয়েছিল যেন দিন ফুরোচ্ছে না। আমাদের রাজার ডাকঘর দেখে অবধি এখন আমার রোজই ভালো লাগে—এই ঘরের মধ্যে বসে বসেই ভালো লাগে—একদিন আমার চিঠি এসে পৌঁছবে সেকথা মনে করলেই আমি খুব খুশি হয়ে চুপ করে বসে থাকতে পারি।"—এই মন্তব্যের আলোকে 'ডাকঘর' নাটকে অমল চরিত্রটি বিশ্লেষণ করো। ১০
৫. জীবনানন্দ দাশের 'শিকার' কবিতায় একাধিক রঙের ব্যবহার এবং তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
৬. 'নিমন্ত্রণ' কবিতায় জসীমউদ্দিন গ্রাম বিষয়ক ধারণাকে নির্মাণ করার পাশাপাশি গ্রামীণ জীবনের অনুপুঞ্জসমূহকে যেভাবে তুলে ধরেছেন, সেসম্পর্কে বিশ্লেষণ করো। ১০
৭. পুরুষতান্ত্রিক সমাজের সমালোচনায় মনোজ মিত্রের 'মায়াসীতা'-র পরিকল্পনা কতটা সফল হয়েছে বলে তুমি মনে কর? 'ভেলায় ভাসে সীতা' নাটক অবলম্বনে যুক্তিসহ লেখো। ১০